



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
প্রধান কার্যালয়, রাজশাহী  
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৫৮৮-৮২০০৮৫  
ই-মেইল : dgmlad1@rakub.org.bd  
ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণওঅবি-১ সার্কুলার লেটার নং-০১/২০২৩

তারিখ: ২১.০৩.২০২৩

- সকল জোনাল ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
- উপ-মহাব্যবস্থাপক  
রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
- সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগসমূহে প্রদেয় খাতভিত্তিক ঋণের লক্ষ্যমাত্রা ও তার বিভাজন প্রসংগে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋণওঅবি-১ সার্কুলার নং-১০ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লিখিত সার্কুলারের মাধ্যমে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ০৫.০৯.২০১৯ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর নির্দেশনা অনুসরণে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ খাতে অর্থায়ন/ঋণ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন আর্থিক বিবরণী এবং বাংলাদেশ ব্যাংক-এ দাখিলকৃত বিভিন্ন প্রতিবেদনসমূহের মধ্যে সামঞ্জস্যতা বিধানের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে খাতভিত্তিক লক্ষ্যমাত্রা ও বিভাজন পুনঃনির্ধারণপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ১৬.০৩.২০২৩ তারিখে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪ জারী করা হয়। বাংলাদেশ ব্যাংক এর উল্লিখিত সার্কুলার লেটারের নির্দেশনা অনুসরণে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋণওঅবি-১ সার্কুলার নং-১০ এর ৩ নম্বর অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬.০৩.২০২৩ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪ এর নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংক কর্তৃক প্রতি বছরের জানুয়ারি মাসের শেষ কার্যদিবসের মধ্যে পূর্ববর্তী বছরের ঋণ ও অগ্রিম স্থিতির ভিত্তিতে সিএমএসএমই খাতে ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-কে অবহিত করতে হবে। ব্যাংকের ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যে সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ আগামী ২০২৪ সালের মধ্যে অনূন ২৫%-এ উন্নীত করতে হবে। ২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার নির্ধারিত হার হবে নিম্নরূপ:

বিষয়বালী	২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার হার
■ সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতি	: মোট ঋণ ও অগ্রিম স্থিতির ২৫%
■ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ	: সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির ৫০%
■ নারী উদ্যোগে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ	: সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির ১৫%
■ সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক বিভাজন	: উৎপাদনশীল শিল্পে অনূন ৪০%, সেবা শিল্পে অনূন ২৫% এবং ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫%


ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০১/২০২৩

তারিখ: ২০.০৩.২০২৩

এতদ্ব্যতীত ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এর অন্যান্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

এ সার্কুলার লেটারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

  
২১.০৬.২০ ২৬ ই

(মোঃ বেলাল হোসেন)


উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/২৯(CMSME)/২০২২-২০২৩/৮৭০(৪৫৪)

তারিখ: ২১.০৩.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।  
(উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব ওয়েব পেজ এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১১। অফিস নথি/মহানথি।

  
২১.০৩.২০২৩

(শাহনেওয়াজ হাররে মাহমুদ)

মুখ্য কর্মকর্তা